

**“ডেমোনেস্ট্রেটর (সিভিল ইঞ্জিনিয়ারিং)”**  
(১০ম গ্রেড)  
পদের বাছাই (MCQ) পরীক্ষার তারিখ ও সময়সূচি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)



## বিজ্ঞপ্তি

নম্বর: ৮০.০০.০০০০.১১৫.১১.০০৩.২৬. ৯০

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩৩  
০৮ সেপ্টেম্বর ২০২৬

**বিষয় :** পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বন অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত “ডেমোনেস্ট্রেটর (সিভিল ইঞ্জিনিয়ারিং)” প্রার্থীদের বাছাই (MCQ type) পরীক্ষার তারিখ, সময়সূচি ও আসন বিন্যাস।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বন অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত “ডেমোনেস্ট্রেটর (সিভিল ইঞ্জিনিয়ারিং)” পদের প্রার্থীদের বাছাই (MCQ Type) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| পদের নাম, বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও তারিখ                                                                           | বাছাই (MCQ Type) পরীক্ষার তারিখ ও সময়                             | পরীক্ষার কেন্দ্র                                                                               | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------|--------------------|-----------------|
| “ডেমোনেস্ট্রেটর (সিভিল ইঞ্জিনিয়ারিং)”<br>(১০ম গ্রেড)<br>বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর- ৬০,<br>তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০২৫ | ২২.০৯.২০২৬ তারিখ<br>(মঙ্গলবার) দুপুর ২:০০ টা থেকে ৩:০০ টা পর্যন্ত। | (১) আগারগাঁও তালতলা সরকারি কলোনী উচ্চ বিদ্যালয় ও কলেজ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।   | ০০০০০১-২০০০৬৮      | ২২০০ জন         |
|                                                                                                                     |                                                                    | (২) আদর্শ উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।                                 | ২০০০৬৯-৭০০১৭৯      | ১০০০ জন         |
|                                                                                                                     |                                                                    | (৩) মাল্টিপারপাস হল, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। | ৭০০১৮০-৮০০২৮০      | ২৩৮ জন          |

### সময়সূচি ও নির্দেশাবলি:

| সময়                          | পরীক্ষার্থীদের করণীয়                                                                                                                                                                                                                                                                                                                                                                                                               |
|-------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| বেলা ১২:৩০-১:৩০ মিনিট পর্যন্ত | পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।                                                                                                                                                                                                                                                                                                                                                            |
| বেলা ১:৩০-১:৫৫ মিনিট পর্যন্ত  | প্রার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।                                                                                                                                                                       |
| দুপুর ২:০০ মিনিট              | পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর প্রদান শুরু করবেন। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী কেন্দ্র থেকে বের হতে পারবেন না। |
| বিকাল ৩:০০ মিনিট              | পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।                                                                                                                                                                                                          |

২.ক. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ০৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘর গুলো ০ (শূন্য) দিয়ে পূরণ পূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

খ. প্রবেশপত্রের নিচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।


গ. বেলা ১:৩০টার মধ্যে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। বেলা ১:৩০ টার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

ক্রমশ/-০২

- ঘ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিস্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ঙ. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, মানিব্যাগ, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনো রূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহণা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিস্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রবেশপত্রে উল্লিখিত ক্যালকুলেটর ব্যবহারের বিষয়টি লিখিত পরীক্ষার জন্য প্রযোজ্য, বাছাই পরীক্ষার জন্য প্রযোজ্য নয়।
- চ. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে।
- ছ. পরীক্ষার্থীদেরকে বিশেষ ভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিক ভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনো রূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- জ. **পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। পরীক্ষার নম্বর বটন হবে [বাংলা-২০, ইংরেজী-২০, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী)-২০ ও প্রাসঙ্গিক টেকনিক্যাল (সিভিল ইঞ্জিনিয়ারিং)-৪০] নম্বরসহ পূর্ণমান ১০০ নম্বর।** পরীক্ষার্থী প্রতিটি শূদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর করে কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ (এক) ঘণ্টা।
- ঝ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে **আগামী ১৪.০৯.২০২৬** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে শ্রুতিলেখকের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের **ইউনিট-১৫ এর পরিচালক বরাবর** আবেদন দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদন বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক মনোনয়ন দেওয়া হবে;
- ঞ. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।
- ট. কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোডকৃতপ্রবেশপত্রসহ প্রার্থীদের **“ডেমোনেস্ট্রেটর (সিভিল ইঞ্জিনিয়ারিং)” (১০ম প্রেড)** পদের বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।
- ঠ. **উল্লেখ্য, গত ১৩.০২.২০২৫ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির ক্রমিক নং ৬০/২০২৫, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বন অধিদপ্তরের ১০ম প্রেডভুক্ত “ডেমোনেস্ট্রেটর (সিভিল ইঞ্জিনিয়ারিং)” পদের ডাউনলোডকৃত প্রবেশপত্র সঠিক আছে কি তা ভালোভাবে যাচাই/বাছাই করে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করবেন। অন্য কোন পদের প্রবেশপত্র গ্রহণযোগ্য হবে না।**
- ড. কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**
- ঢ. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।
- ণ. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।

**এক নজরে পরীক্ষার সময়সূচী:**

- প্রার্থীর হলে প্রবেশ: বেলা ১২:৩০-১:৩০ মিনিট পর্যন্ত
- উত্তরপত্র বিতরণ: বেলা ১:৩০-১:৫৫ মিনিট পর্যন্ত
- পরীক্ষা শুরু: ২:০০ মিনিট
- পরীক্ষা শেষ: ৩:০০ মিনিট



মোঃ মাহফুজুর রহমান  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(চলতি দায়িত্ব)